## প্রজ্ঞাপন

তারিখ: ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৬ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২৩৬-আইন/আয়কর/২০১১।—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত Policy তে বর্ণিত ব্যবস্থা অনুসারে, দেশের যে সকল Private Power Generation কোম্পানীর বাণিজ্যিক উৎপাদন ১লা জুলাই, ২০১৩ ইং বা তৎপরবর্তিতে আরম্ভ হইবে, সেই সকল Private Power Generation কোম্পানীর আয়কে নিম্নবর্ণিত হারে ও শর্তে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

| কর অব্যাহতির মেয়াদ | কর অব্যাহতির হার |
|---|---|
| বাণিজ্যিক উৎপাদন শুরু হইতে প্রথম পাঁচ বছর পর্যন্ত (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বছর) | ১০০% |
| পরবর্তী তিন বছর পর্যন্ত (ষষ্ঠ, সপ্তম ও অষ্টম বছর) | ৫০% |
| পরবর্তী দুই বছর পর্যন্ত (নবম ও দশম বছর) | ২৫% |

০২। দফা ০১ এ বর্ণিত কোম্পানীকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ বর্ণিত নির্ধারিত সময়ে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**আমিনুর রহমান**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২১২-আইন/আয়কর/২০১৩।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ২২ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৬ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৩৬-আইন/আয়কর/২০১১ রহিতক্রমে, Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত Policy তে বর্ণিত ব্যবস্থা অনুসারে, দেশের যে সকল Private Power Generation কোম্পানীর (কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানী ব্যতীত) বাণিজ্যিক উৎপাদন ১ জানুয়ারী, ২০১৫ বা তৎপরবর্তিতে আরম্ভ হইবে, সেই সকল Private Power Generation কোম্পানীর বিদ্যুৎ উৎপাদন ব্যবসা হইতে অর্জিত আয়কে নিম্নবর্ণিত হারে ও শর্তে আয়কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

| কর অব্যাহতির মেয়াদ | কর অব্যাহতির হার |
|---|---|
| বাণিজ্যিক উৎপাদন শুরু হইতে প্রথম পাঁচ বৎসর পর্যন্ত (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বৎসর) | ১০০% |
| পরবর্তী তিন বৎসর পর্যন্ত (ষষ্ঠ, সপ্তম ও অষ্টম বৎসর) | ৫০% |
| পরবর্তী দুই বৎসর পর্যন্ত (নবম ও দশম বৎসর) | ২৫% |

২। দফা ১ এ বর্ণিত কোম্পানীকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

সৈয়দ মোঃ আমিনুল করিম

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ০৪ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/১৮ নভেম্বর ২০১৩ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ৩৫৫-আইন/২০১৩।**—Income Tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এ বিভাগের ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১২-আইন/আয়কর/২০১৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনায় উল্লিখিত '১ জানুয়ারী ২০১৫' সংখ্যাগুলি ও শব্দের পরিবর্তে '১ জুলাই ২০১৬" সংখ্যাগুলি ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**সৈয়দ মোঃ আমিনুল করিম**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ/২ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ০৪-আইন/আয়কর/২০২০।**—Income-tax Ordinance,1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এ বিভাগের ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-২১২-আইন/আয়কর/২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের "১ জানুয়ারি ২০২০" সংখ্যাগুলি ও শব্দগুলির পরিবর্তে "১ জানুয়ারি ২০২৩" সংখ্যাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি

সিনিয়র সচিব

Bangladesh Tax Update
w... kdroy.com.bd/www.ltr.com.bd